

নুসরাত হত্যা

অধ্যক্ষ সিরাজসহ দুই শিক্ষকের এমপিও স্থগিত

সংবাদ : নিজস্ব বার্তা পরিবেশক

| ঢাকা, সোমবার, ২৯ এপ্রিল ২০১৯



বহুল আলোচিত নুসরাত জাহান রাফি হত্যায় ফেনীর সোনাগাজী ইসলামিয়া ফাজিল মাদ্রাসার অধ্যক্ষ এসএম সিরাজ উদ-দৌলাসহ দুই শিক্ষকের এমপিও স্থগিত করেছে শিক্ষা মন্ত্রণালয়। ৬ এপ্রিল গায়ে কেরোসিন ঢেলে পুড়িয়ে দেয়ার ৫ দিন পর মারা যায় নুসরাত। তার

পরিবারের করা মামলায় গ্রেফতার হয়ে জেলখানায় রয়েছে অধ্যক্ষ সিরাজ।

নুসরাতের মৃত্যুর পর পর ওই দুই শিক্ষকের এমপিও স্থগিতের পদক্ষেপ নিতে মাদ্রাসা শিক্ষা অধিদফতর থেকে ১১ এপ্রিল চিঠি দেয়া হয় মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতরে (মাউশি)। এই চিঠির ১৯ দিন পর গতকাল এক সংবাদ বিজ্ঞপ্তিতে ওই মাদ্রাসার অধ্যক্ষ সিরাজ উদ-দৌলা ও ইংরেজি বিষয়ের প্রভাষক আফসার উদ্দীনের এমপিও স্থগিতের কথা জানানো হয়।

বিজ্ঞাপ্তিতে বলা হয়, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা অনুযায়ী শিক্ষা উপমন্ত্রী মহিবুল হাসান চৌধুরী নওফেল গতকাল এই দুই শিক্ষকের এমপিও স্থগিতের নথি অনুমোদন করেছেন।

মাদ্রাসা শিক্ষা অধিদফতরের পাঠানো চিঠিতে বলা হয়েছিল, ‘মাদ্রাসার আলিম পরীক্ষার্থী নুসরাত জাহান রাফিকে শ্রীলতাহানি মামলা নং-২৪, তারিখ ২৭/০৩/২০১৯ এবং হত্যা মামলা নং-১০, তারিখ ০৮/০৪/২০১৯ সোনাগাজী থানার পরিপ্রেক্ষিতে মাদ্রাসার অধ্যক্ষ ও ইংরেজি বিষয়ের প্রভাষক গ্রেফতার হওয়ায় তাদের এমপিও স্থগিত হওয়া প্রয়োজন।’

যৌন হয়রানির ওই মামলায় গত ২৭ মার্চ অধ্যক্ষ সিরাজকে গ্রেফতারের পর মামলা তুলে নিতে নুসরাত ও তার পরিবারকে চাপ দেয়া হয়েছিল। তাতে রাজি না হওয়ায় অধ্যক্ষের সহযোগীরা ৬ এপ্রিল নুসরাতের গায়ে কেরোসিন তেলে আগুন ধরিয়ে দেয়। ৫ দিন পর ঢাকা মেডিকেল কলেজ ও হাসপাতালের বার্ন ইউনিটে চিকিৎসাধীনে নুসরাত মারা যায়। সে এ বছর সোনাগাজী ইসলামিয়া সিনিয়র ফাজিল মাদ্রাসা থেকে আলিম পরীক্ষায় অংশ নিয়েছিল।